

# লাশের মিছিল

এম. এ. জলিল

জাদুশিল্পী

সিডনী থেকে

নিশ্চিন্তপুর এখন আর নয় নিশ্চিন্ত

সেখানে এখন শুধু-

পোড়া লাশের গন্ধ ।

চকিবেশে নভেম্বর সন্ধ্যায়

হঠাৎ তাজরিন ফ্যাশনস ভরে গেল-

ধুঁয়া আর আগুনের লেলিহান শিখায় ।

এ যেন জ্বলন্ত ইন্টার ভাটা

এ যেন একই সাথে জ্বলে উঠা শতশত চিতা,

তারই মাঝে বন্দী শতশত নর-নারী

করছে জীবন বাঁচানোর বৃথা চেষ্টা

বুক ফাঁটা চিৎকার শুনি তারই ।

নিশ্চিন্তপুরে এখন শুধু -

স্বজন হারানোর আহাজারি,

নিশ্চিন্তপুরের বাতাস-

বেদনায় হয়ে গেছে ভারি ।

পেটের আগুন নিভাতে ওরা এখানে এসেছিল,

অগ্নিদগ্ধ হয়ে শেষে প্রাণ দিল ।

কেউ হয়েছে আগুনে পুড়ে লাশ, কেউ হয়েছে ছাই-

কারো অবশিষ্ট কিছুই নাই ।

নিশ্চিন্তপুরে এখন যেন লাশের বিশাল সমাবেশ

সেখানে লাশের বিরাট বোবা মিছিল-

মিছিলে ওরা চলবেনা, শে-গান তুলবেনা-

তবো বলা হয়ে গেছে

ওদের অব্যক্ত শত করুন কথা,

পত্রিকার হেড লাইন ওরা-

সারাদেশ জোড়া ।

যাদের কারণে ঝড়ে গেল শতশত তাজা প্রাণ

জাতির সামনে কৈফিয়ত দিতে তারা-

হবে কি কভু দণ্ডয়মান ?

ক্ষোভে আর ব্যথায় ভরা এ-মনটা

জানিনা বেঁজে উঠবে কিনা-

ন্যায় বিচারের ঘন্টা ?

E-mail : mohammad.jalil@yahoo.com